# সমঝোতা স্মারক

## স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর

ও

## মৎস্য অধিদপ্তর

হাওর অঞ্চলের বন্যা ব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন প্রকল্প

এলজিইডি

মে ২০১৫

# স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এবং মৎস্য অধিদপ্তরের মধ্যে সমঝোতা স্মারক

**মুখবন্ধ ঃ**

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর "হাওর অঞ্চলের বন্যা ব্যবস্থাপনা ও জীবনমান উন্নয়ন" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে, যার উদ্দেশ্য হলো **সুনামগঞ্জ, হবিগঞ্জ, ব্রাক্ষনবাড়িয়া, কিশোরগঞ্জ এবং নেত্রকোণার** আশেপাশের হাওর এলাকার ভূমিহীন, ক্ষুদ্র ও প্রান্তিক চাষীদের আয় বৃদ্ধি করা। বাংলাদেশ সরকার ও জাইকা এর যৌথ অর্থায়নপুষ্ট প্রকল্পটির লক্ষ্য হলো প্রকল্পের ৩টি অংগ বাস্তবায়নের মাধ্যমে প্রকল্প এলাকার দরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধি করা। এ ৩টি অংগ হলো (ক) গ্রামীণ অবকাঠামো উন্নয়ন, (খ) মৎস্য সম্পদ উন্নয়ন, (গ) পরার্মশক সেবা।

প্রকল্পের কর্মসূচী বাস্তবায়নে প্রকল্পটি ঘনিষ্টভাবে প্রকল্প এলাকায় কর্মরত বিভিন্ন মন্ত্রণালয় ও সরকারী সংস্থার সঙ্গে কাজ করবে। এর মধ্যে জেলা প্রশাসন, উপজেলা প্রশাসন, মৎস্য অধিদপ্তর, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও প্রাণি সম্পদ অধিদপ্তর অন্যতম।

প্রকল্পের উদ্দেশ্য হচ্ছে স্থানীয় সম্পদ বিশেষ করে জলমহাল ইজারার ক্ষেত্রে দরিদ্র জনগোষ্ঠীর স্থিতিশীল প্রবেশাধিকারে সহায়তা প্রদানকরতঃ মৎস্য সম্পদ, প্রাণি সম্পদ, ফসল উৎপাদন বৃদ্ধি, উৎপাদন পদ্ধতির ধারা অব্যাহত রাখার নিমিত্তে আবাসস্থল সংরক্ষণ ও প্রাকৃতিক সম্পদ ব্যবস্থাপনার উপর গুরুত্ব আরোপ করা। এ প্রেক্ষিতে কমিউনিটি সমূহকে তাদের জীবনমান উন্নয়নের লক্ষ্যে তাদের সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়ন সম্পর্কিত উদ্যোগ গ্রহণের নিমিত্তে প্রশিক্ষণ প্রদান করা হবে। আবাসস্থল সংরক্ষণ প্রক্রিয়ার মধ্যে রয়েছে অভয়াশ্রম প্রতিষ্ঠা, স্থায়ী জলমহাল সমুহে কমিউনিটি ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনা। এ ছাড়াও প্রকল্পের আওতাধীন কমিউনিটি সমূহকে ভাগ্যবঞ্চিত সদস্যদেরকে বিশেষ করে দুঃস্থ মহিলাদেরকে সহায়তা প্রদানের জন্য উৎসাহিত করা হবে। এ প্রেক্ষিতে দলসমূহকে এবং দুঃস্থ মহিলাদেরকে দলে অন্তর্ভূক্ত করে পুকুরে মৎস্য চাষ উন্নয়নের নিমিত্তে প্রশিক্ষণ ও সম্প্রসারন সহায়তা প্রদান করা হবে।

সুতরাং দরিদ্র জনগোষ্ঠিকে সমন্বিত সেবা প্রদান নিশ্চিত করার নিমিত্তে প্রকল্প এবং মৎস্য অধিদপ্তরের মধ্যে একটা অত্যন্ত ঘনিষ্ট ও কার্যকর সম্পর্ক স্থাপন এবং প্রাতিষ্ঠানিকীকরণ প্রয়োজন। মৎস্য অধিদপ্তরের কারিগরি জ্ঞান ও অভিজ্ঞতা সমগ্র দেশজুড়ে বিপুল সংখ্যক দক্ষ জনশক্তি সৃষ্টির সাহায্যে যে কর্মপদ্ধতি চালু আছে তা এ প্রকল্পের মৎস্য সম্পদ উৎপাদন অংগের বাস্তবায়নে সহায়ক ভূমিকা পালন করতে পারে, যা সম্পূর্ণভাবে মৎস্য অধিদপ্তরের কর্মপরিধি ও দায়িত্বের অন্তর্ভূক্ত। সুতরাং প্রকল্প এলাকার ভূমিহীন জনগোষ্ঠি ও দুঃস্থ মহিলাসহ সুফলভোগীদেরকে প্রযুক্তি হস্তান্তর ও প্রশিক্ষণ সহায়তা প্রদানের ক্ষেত্রে মৎস্য অধিদপ্তর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

যেহেতু প্রকল্প এবং মৎস্য অধিদপ্তর উভয়েই প্রযুক্তি হস্তান্তর ও প্রশিক্ষণের ক্ষেত্রে একে অপরকে সহযোগিতা প্রদানে ইচ্ছুক, সেহেতু এলজিইডি ও মৎস্য অধিদপ্তরের মধ্যে একটি সমঝোতা স্মারক স্বাক্ষরিত হলো।

# সমঝোতা স্মারক

এ সমঝোতা স্মারক মে ২৭, ২০১৫ইং রোজ বুধবার নিম্নলিখিত দু'টি প্রতিষ্ঠানের দ্বারা এবং মধ্যে স্বাক্ষরিত হলো ঃ

স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) একটি সরকারী প্রতিষ্ঠান এবং এ সমঝোতা স্মারকে প্রতিষ্ঠানের প্রধান প্রকৌশলী জনাব শ্যামা প্রসাদ অধিকারী কর্তৃক প্রতিনিধিত্ব

এবং

মৎস্য অধিদপ্তর (ডিওএফ) একটি সরকারী প্রতিষ্ঠান এবং এ সমঝোতা স্মারকে প্রতিষ্ঠানের মহাপরিচালক জনাব ড. সৈয়দ আরিফ আজাদ কর্তৃক প্রতিনিধিত্ব

**লক্ষ্য করা যাচ্ছে যে ঃ**

**যেহেতু**

- প্রকল্পের অনুমোদিত ডিপিপিতে উল্লেখ আছে যে, DoF will be involved in the implementation of Component - 2 by providing an MoU between LGED and DoF.
- মৎস্য আইন, ১৯৫০ এর বিভিন্ন ধারা প্রয়োগের ক্ষেত্রে প্রযুক্তি হস্তান্তর ও উন্নয়ন কার্যক্রম পরিচালনার মাধ্যমে মৎস্য সম্পদের উৎপাদন বৃদ্ধি ও অব্যাহত রাখার দায়িত্ব মৎস্য অধিদপ্তরের উপর অর্পিত হয়েছে;
- প্রকল্প এলাকার দরিদ্র জনগোষ্ঠীর আয় বৃদ্ধি করা প্রকল্পের দায়িত্ব;
- প্রকল্প এলাকার সুফলভোগীদেরকে প্রযুক্তিগত সহায়তা ও প্রশিক্ষণ প্রদানের বিষয়ে সহযোগিতা করার ক্ষেত্রে প্রকল্প এবং মৎস্য অধিদপ্তর একটি সমঝোতায় আসতে সম্মত হয়েছে;
- সুতরাং উপরোল্লেখিত বিষয়সমুহের বিবেচনায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর এবং মৎস্য অধিদপ্তর নীচের বর্ণনামতে সম্মত হয়েছে ঃ

ক) **পরিধি ঃ**

প্রকল্প কর্তৃক অর্থায়ন সাপেক্ষে প্রকল্প এবং মৎস্য অধিদপ্তরের মধ্যে কারিগরি সহায়তা প্রদান কর্মসূচীর মধ্যে নীচে বর্ণিত বিষয়সমূহ অন্তর্ভূক্ত থাকবে ঃ

(ক) তথ্য এবং প্রকাশনা বিনিময়,

(খ) সম্পদ সংরক্ষণ এবং মৎস্য সম্পদ বিষয়ক কর্মশালা ও উন্নয়ন কর্মকান্ড পরিচালনা;

(গ) প্রকল্প কর্তৃক অনুরোধের প্রেক্ষিতে প্রকল্পের উদ্দেশ্য ও আওতায় পড়ে এমন কর্মকান্ড এবং মৎস্য অধিদপ্তরের কর্মপরিধিভূক্ত বিষয়ে কারিগরি উপদেশ এবং সহায়তা প্রদান মৎস্য অধিদপ্তরের কর্মপরিধিভূক্ত।

খ) **মেয়াদকাল ঃ**

স্বাক্ষরের দিন হতে এ সমঝোতার মেয়াদকাল হবে জুন ২০২২ পর্যন্ত।

উভয় পক্ষই অন্য পক্ষকে লিখিত নোটিশ প্রদানের মাধ্যমে এ সমঝোতা স্মারক বাতিল করতে পারবে। এরূপ নোটিশ জারীর তারিখ হতে পরবর্তী ১৮০ দিন পর্যন্ত এ সমঝোতা স্মারক কার্যকর থাকবে।

গ) **প্রকল্পের দায়িত্ব ঃ**

১। প্রকল্প এবং প্রকল্পের কর্মকর্তা/কর্মচারীগণ প্রকল্পের সকল বিধি-বিধান মেনে চলবে এবং মৎস্য অধিদপ্তর কর্তৃক সুফলভোগীদেরকে প্রদেয় সেবাসমূহের সমর্থনে নিজেদেরকে সতর্কতার সঙ্গে ও নিরলসভাবে নিয়োজিত করবে।

২। প্রকল্প কর্তৃপক্ষ মৎস্য অধিদপ্তরের সঙ্গে কর্মশালা ও প্রশিক্ষণ কর্মসূচীর ডিজাইন প্রণয়ন করবে।

৩। প্রকল্প এলাকায় অনুষ্ঠিতব্য যে কোন প্রশিক্ষণ কর্মসূচী পরিচালনার জন্য যাবতীয় আয়োজন প্রকল্প কর্তৃক সম্পাদন করা হবে।

৪। এ প্রকল্প সম্পর্কিত সকল প্রকাশনার অনুলিপি প্রকল্প কর্তৃক মৎস্য অধিদপ্তরকে সরবরাহ করতে হবে।

৫। প্রশিক্ষণের সমূদয় ব্যয়ভার প্রকল্প বহন করবে।

৬। মৎস্য অধিদপ্তরের প্রয়োজন মোতাবেক প্রকল্প অভিজ্ঞতা এবং প্রযুক্তিগত সহায়তা প্রদান করবে।

৭। প্রকল্প দলিলের অনুমোদন মোতাবেক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নে সহায়তা প্রদানের জন্য প্রযোজ্য ক্ষেত্রে সমুদয় পরিবহন খরচ প্রকল্প বহন করবে।

৮। প্রকল্প এলাকার উপজেলা মৎস্য দপ্তর সমূহের সক্ষমতা বৃদ্ধি ও প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারী ও সুফলভোগীদের দক্ষতা উন্নয়নের জন্য প্রয়োজনীয় প্রশিক্ষণ সামগ্রী ডিপিপি এর সংস্থান সাপেক্ষে প্রকল্প হতে সরবরাহ করা হবে।

৯। প্রকল্পের সার্বিক কাজে সহায়তা ও মনিটরিং এর জন্য প্রকল্প এলাকার উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয় সমূহে ডিপিপি এর সংস্থান সাপেক্ষে মোটর সাইকেল সরবরাহ করা হবে।

১০। প্রকল্প সংশ্লিষ্ট স্থানীয় ও উর্দ্ধতন কর্মকর্তাদের মাঠ পরিদর্শনে প্রয়োজনীয় সার্বিক সহায়তা ও সম্মানী প্রদানের ব্যবস্থা গ্রহণ করবে।

**ঘ) মৎস্য অধিদপ্তরের দায়িত্ব ঃ**

১। যখনই বিল ব্যবস্থাপনা কমিটি (BMC) গঠিত হবে এবং কার্যকরভাবে দায়িত্ব পালন করবে তখনই ভূমি মন্ত্রণালয়ের সাথে বিদ্যমান সমঝোতা স্মারকের আলোকে প্রস্তাবিত জলমহাল পর্যায়ক্রমে প্রকল্পের আওতাধীন ব্যবস্থাপনার জন্য হস্তান্তরের পর তা প্রকল্পের সংস্থান মোতাবেক সংগঠিত সুফলভোগীদের নিকট হস্তান্তর করা হবে। মৎস্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ এ বিষয়ে অনুঘটক হিসেবে কাজ করবেন।

২। এ ধরনের ইজারা ১০ বছর মেয়াদী যা আপনা আপনিই নবায়িত হবে।

৩। মৎস্য অধিদপ্তর ক্ষুদ্রাকার ইজারাদারদের স্বার্থ সংরক্ষণের বিষয়টি নিশ্চিত করবে।

৪। বিল ব্যবস্থাপনা দলের সদস্যদেরকে মৎস্য অধিদপ্তর আইডি প্রদানে সহায়তা করবে।

৫। সমাজ ভিত্তিক মৎস্য ব্যবস্থাপনা, আবাসস্থল পুনরুদ্ধার, জীব বৈচিত্র সংরক্ষন এবং মৎস্য চাষ কার্যক্রমে সহায়তা প্রদান করবে।

৬। মৎস্য অভায়শ্রম ও জলজ বনায়ন স্থাপনে কারিগরী সহায়তা প্রদান করবে।

৭। প্রকল্পকে সহায়তা প্রদানের নিমিত্তে মৎস্য অধিদপ্তর যোগ্যতা সম্পন্ন ব্যক্তিগণকে নিয়োজিত করবে,

৮। প্রকল্পের অভীষ্ট দল ও সুফলভোগীদের জন্য আয়োজিত ও পরিচালিত প্রশিক্ষণ কর্মকান্ড ও কর্মশালায় মৎস্য অধিদপ্তরের জনবল রিসোর্স পারসন হিসাবে কাজ করবেন।

৯। ইজারা শর্তসমূহ মৎস্য সম্পদ উন্নয়ন অংগ বাস্তবায়ন সম্পর্কিত নিয়মাবলী এবং প্রকল্প সম্পর্কে মৎস্য অধিদপ্তর সুবিধাভোগী ও ইজারাদারগণকে অবহিত করবেন।

১০। সরকারী বিধি-বিধানের যে কোন পরিবর্তনের ক্ষেত্রে মৎস্য অধিদপ্তর প্রকল্পের জনবলকে পরামর্শ প্রদান এবং পাশাপাশি প্রশিক্ষণ প্রদান করবেন।

১১। প্রকল্প এলাকার সম্পদ ব্যবস্থাপনা ও উন্নয়নে সৌহার্দপূর্ণ পরিবেশ বজায় রাখা নিশ্চিত করতে মৎস্য অধিদপ্তর প্রকল্প জনবলকে সার্বিক সহায়তা করবেন।

১২। সকল ইজারা গ্রহীতা কর্তৃক মৎস্য আইন,১৯৫০ অনুসরণ নিশ্চিত করবেন।

পক্ষদ্বয় পূর্বোল্লিখিত তারিখে স্ব -স্ব প্রতিষ্ঠানের পক্ষে স্বাক্ষর করেন।

**মৎস্য অধিদপ্তরের পক্ষে ঃ**

ড. সৈয়দ আরিফ আজাদ

মহাপরিচালক

(সৈয়দ আরিফ আজাদ)
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)
মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন
ঢাকা।

**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের পক্ষে ঃ**

শ্যামা প্রসাদ অধিকারী

প্রধান প্রকৌশলী

শ্যামা প্রসাদ অধিকারী
প্রধান প্রকৌশলী
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার